

২১

ঘাটে বসে' আছি আন-মনা,  
যেতেছে বহিয়া স্তম্ভময় ।  
এ বাতাসে তরী ভাসাব না  
তোমা পানে যদি নাছি বয় ।

দিন যায় ওগো দিন যায়,  
দিনগণি যায় অস্তে ।  
নাহি হেরি বাট, দূরতীরে মাঠ  
ধূসর গোপলি-ধূলিময় ।

ঘরের ঠিকানা হ'ল না গো  
মন করে তবু যাই যাই ।  
ধ্রুবতারা তুমি যেথা জাগো  
সে দিকের পথ চিনি নাই

এতদিন তরী বাহিলাম,  
বাহিলাম তরী যে পথে  
শতবার তরী ডুবু ডুবু করি'  
সে পথে ভরসা নাহি পাই

## নৈবেদ্য

তীর সাথে হের শত ডোরে  
বাঁধা আছে মোর তরীখান  
রসি খুলে দেবে কবে মোরে  
ভাসিতে পারিলে বাঁচে প্রাণ ।

কোথা বুকজোড়া খোলা হাওয়া,  
সাগরের খোলা হাওয়া কই  
কোথা মহাগান ভরি দিবে কান,  
কোথা সাগরের মহা গান ।